নিজের দান ফিরিয়ে নেওয়া নিজের বমি ফিরিয়ে নেওয়ার মতোই।

আব্দুল্লাহ ইবন আব্বাস রাদিয়াল্লাহুমা থেকে মারফূ‘ হিসেবে বর্ণিত, “নিজের দান
ফিরিয়ে নেওয়া নিজের বমী ফিরিয়ে নেওয়ার মতোই।” অন্য শব্দে এসেছে: “যে ব্যক্তি নিজের সদাকাহ ফিরিয়ে নেয় সে কুকুরের ন্যায়, যে নিজে বমি করে পুনরায় তা ভক্ষণ করে।”
[সহীহ] [মুত্তাফাকুন ‘আলাইহি (বুখারী ও মুসলিম)।]

সাদকা ফিরে যাওয়া থেকে বিরত রাখার জন্য রাসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম ঘৃণিত আকৃতির একটি দৃষ্টান্ত বর্ণনা করেছেন। আর তা হলো যে ব্যক্তি তার দানকে ফিরিয়ে নেয় তার দৃষ্টান্ত ওই কুকুরের মতো যে বমি করে অতঃপর সে তার নিজের বমী ভক্ষণ করে। এটি এমন একটি দৃষ্টান্ত যা এ ধরনের কর্মকে ঘৃণিত ও রুচিহীন প্রমাণ করতে যথেষ্ট এবং যে এ ধরনের কর্ম করবে সে অনেক নীচু প্রকৃতির।

http://www.sunnah.global/hadeeth/bn/show/6074